উপনির্বাচনে অংশগ্রহণের বিষয়ে বিএনপির সিদ্ধান্ত আজ

জাতীয় সংসদের শূন্য হওয়া পাঁচটি আসনের উপনির্বাচনে অংশ নেওয়ার ব্যাপারে আজ শনিবার স্থায়ী কমিটির বৈঠকে সিদ্ধান্ত নেবে বিএনপি। বিকেল পাঁচটায় দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম জাতীয় স্থায়ী কমিটির এই ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হবে।

এর আগে গত মঙ্গলবার রাতে বিএনপির স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত হলেও সেখানে উপনির্বাচনের বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। ওই বৈঠক শেষে বিএনপির স্থায়ী কমিটির একাধিক সদস্য জানিয়েছিলেন, শনিবারের বৈঠকে উপনির্বাচনের ব্যাপারে সিদ্ধান্ত হবে।

সূত্র- বিডি প্রতিদিন

এইচএসসি পরীক্ষা নিয়ে গুজবে বিভ্রান্ত না হওয়ার আহবান

এইচএসসি পরীক্ষা নিয়ে গুজবে বিভ্রান্ত না হওয়ার আহবান জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এক বিজ্ঞপ্তিতে আজ শনিবার সকালে এ তথ্য জানান।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে সোশ্যাল মিডিয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের নামে ভুয়া ফেসবুকে পেইজ ও প্রোফাইল খুলে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া ও এইচএসসি পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কাল্পনিক তারিখ ঘোষণা করে বিভ্রান্তি তৈরি করা হচ্ছে।

এ বিষয়ে শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। কখন শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া হবে এবং কখন এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে বিষয়ে কোন সিদ্ধান্ত নেয়নি শিক্ষা মন্ত্রণালয়।

পরীক্ষা নেওয়ার উপযুক্ত পরিস্থিতি হলে তারিখ গণমাধ্যমে জানিয়ে দেয়া হবে।

বিজ্ঞপ্তিতে ভুয়া কোনও পেইজের বা সামাজিক যোগাযোগ মাধ্যমের তথ্য বিশ্বাস না করার জন্য আহ্বান জানানো হয়। কোন গুজবে কান না দিয়ে শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে লেখাপড়া চালিয়ে যেতে আহ্বান জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

বিভিন্ন তথ্য জানতে শিক্ষা মন্ত্রণালয়ের ভেরিফাইড ফেসবুক পেজে নজর রাখতে বলা হয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন

কুষ্টিয়ায় এমপির ভাইকে কুপিয়ে হত্যা

বিবাদমান দ্বন্দ্বের জের ধরে কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য (এমপি) অ্যাডভোকেট আ ক ম সারওয়ার জাহান বাদশার ফুপাতো ভাই হাসিনুর রহমানকে (৫২) কুপিয়ে হত্যা করা হয়েছে

শনিবার সকাল ৭টার দিকে দৌলতপুর উপজেলার ফিলিপনগর বাজারে এ হামলার ঘটনা ঘটে।

নিহত হাসিনুর রহমান দৌলতপুর উপজেলার ফিলিপনগর এলাকার মৃত ডা. জাকির হোসেনের ছেলে। তিনি কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক হিসাবে দায়িত্ব পালন করছিলেন।

স্থানীয়রা জানান, কয়েকবছর আগে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে উক্ত এলাকায় ঈদের দিন কুপিয়ে শাহাবুল নামের এক যুবককে হত্যা করে প্রতিপক্ষরা।

শাহাবুলের হত্যার পরে দ্বন্দ্ব আরও প্রকোট রূপ নেয়।

শনিবার সকালে হাসিনুর রহমান বাজারে মাছ ক্রয় করছিলেন। এসময় পিছন

দিক থেকে নিহত শাহাবুলের বাবা মজিবর রহমান (৪০) তাকে রামদা দিয়ে কুপিয়ে গুরুতর জখম করে।

এসময় স্থানীয়রা তাকে উদ্ধার করে দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। সেখানে চিকিৎসাধীন থেকে সকাল পৌনে ৯টার দিকে তিনি মারা যান।

দৌলতপুর থানার ওসি তদন্ত নিশিকান্ত জানান, পূর্ব শত্রুতার জের ধরে এমন হত্যাকাণ্ডের ঘটনা ঘটতে পারে। পুলিশ মরদেহ ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

গাংনীতে প্রতিবন্ধীর ভাতায় ভাগ নিলেন উজ্জ্বল!

গাংনীর তেতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামের স্থানীয় মাস্তান উজ্জল হোসেন নামক এক যুবকের বিরুদ্ধে প্রতিবন্ধীর ভাতার টাকায় ভাগ নেয়ার অভিযোগ উঠেছে।

কথিত মাস্তান উজ্জ্বল উপজেলার তেঁতুলবাড়িয়া পশ্চিমপাড়া গ্রামের ইদু সেখের ছেলে । উজ্জল হোসেন নিজেকে একজন রাজনৈতিক নেতা পরিচয় দিয়ে গ্রামের অসহায় দুস্থ বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী পরিবারের সদস্যদের সাথে প্রভাব বিস্তার করে কার্ডপ্রতি ৩ থেকে ৫ হাজার টাকা হাতিয়ে নিয়েছে বলে ভুক্তভোগী পরিবার জানিয়েছে।

অভিযোগ সূত্রে জানা গেছে, গ্রামের মেম্বর না হয়েও নিজেকে বড় মাপের নেতা পরিচয় দিয়ে উজ্জল হোসেন করমদি পশ্চিমপাড়া গ্রামের অসহায় প্রতিবন্ধী রফাত আলীর মেয়ে বাক প্রতিবন্ধী মিম্মা খাতুন, আশরাফুলের ছেলে ইউসুফ পাগলা এনামুলের ছেলে প্রতিবন্ধী হাবু’ র প্রতিবন্ধী কার্ড করে দেবার নামে বিভিন্ন সময় তাদের চাপ দিয়ে জনপ্রতি ৫ হাজার টাকা করে চাঁদা আদায় করেছে।

সম্প্রতি (গত ২৬ আগষ্ট,২০২০) তারিখে জনতা ব্যাংক বামন্দী শাখা থেকে বকেয়া জনপ্রতি ৯ হাজার টাকা প্রতিবন্ধী ভাতা উত্তোলন করে।

ব্যাংক থেকে টাকা নিয়ে রাস্তায় নেমে আসলেই সুযোগ সন্ধানী উজ্জল হোসেন তাদের নিকট থেকে টাকা গুনে দেয়ার নাম করে কেড়ে নিয়ে ২ থেকে ৩ হাজার টাকা পকেটস্থ করে।

এসময় প্রতিবন্ধীরা প্রতিবাদ করলে তাদেরকে উজ্জল ভয়ভীতি দেখিয়ে বলেন টাকা না দিলে কার্ড বাতিল করে দেয়া হবে। কার্ড বাতিলের ভয়ে অনেকেই সাংবাদিকদের সামনে অভিযোগ করতে সাহস পাইনি। তবে গোপন সূত্রে জানা গেছে, এই চাঁদাবাজ উজ্জল হোসেন তার এলাকার সকল ভাতা ভোগীদের নিকট থেকে টাকা হাতিয়ে নিয়েছে।

এসব বিষয়ের সত্যতা জানতে সরেজমিনে গেলে প্রতিবন্ধী মিম্মা খাতুনের মা রেহেনা খাতুন ও বাবা প্রতিবন্ধী রফাত সেখ জানান, গত বুধবার ব্যাংক থেকে টাকা নিয়ে বাড়ি আসার সময় উজ্জল আমার মেয়ের হাত থেকে টাকা কেড়ে নিয়ে ৩ হাজার টাকা নিয়ে নেয়। এমনিভাবে অনেকের নিকট থেকে টাকা হাতিয়ে নিয়েছে। একই কথা জানালেন প্রতিবন্ধী ইউসুফের মা সালেহা খাতুন।

এবিযয়ে অভিযুক্ত উজ্জল হোসেনের সাথে কথা বলা হলে প্রথমত তিনি টাকা নেওয়ার বিষয়টি অস্বীকার করে। পরে তিনি বরেণ, আমি কি মেম্বর না চেয়ারম্যান যে, প্রতিবন্ধী কার্ড করে দিয়েছি।

আমি ওদের কাউকে চিনিনা ও জানিনা, পরে বিষয়টি নিয়ে সাংবাদিকরা পত্রিকায় লেখালেখি করবে এমন কথায় উজ্জল হোসেন নিজেকে নিদোর্ষ প্রমান করতে প্রতিবন্ধী মিম্মার মায়ের হাতে গোপনে ৮ হাজার টাকা ফেরত দেয়।

তবে এলাকাবাসীর দাবি , শুধু একজনের টাকা ফেরত দিলে হবে না। সকলের টাকা ফেরত দিতে হবে। নইলে পুলিশ প্রশাসনের কাছে তাদের আবেদন, এই ধান্দাবাজ উজ্জলকে অবিলম্বে প্রশাসনের ব্যবস্থা নেওয়া উচিত বলে মন্তব্য স্থানীয়দের।

এব্যাপারে সংশ্লিষ্ট ইউপি চেয়াম্যান জাহাঙ্গীর হোসেনের সাথে মোবাইল ফোনে আলাপ কালে তিনি জানান, আমি বিষয়টি শুনেছি।গতকাল উজ্জল হোসেন, তার বাবা ও মা আমার কাছে এসে ক্ষমা প্রাথনা করেছেন। আজ বৃহস্পতিবার সন্ধ্যায় সে সমুদয় টাকা ফেরত ও দেবে।

নইলে তার বিরুদ্ধে আইনগত ব্যব্স্থা নিতে উপজেলা নিবার্হী অফিসারকে অবহিত করবো।

এ ব্যাপারে উপজেলা নিবার্হীঅফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, যারা এই সব ব্যাপারে অভিযুক্ত। তাদের নাম সনাক্ত করে সংবাদ প্রকাশিত হলে আমি তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা দেয়া হবে।

গাংনীতে ব্র্যাক পল্লী সমাজের

উদ্যোগে সামাজিক সম্প্রীতি

অনুষ্ঠান

মেহেরপুরের গাংনীতে ব্র্যাক পল্লী সমাজের উদ্যোগে সামাজিক সম্প্রীতি মূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০টার সময় সাহারবাটি কলোনি পাড়ায় ৩০ নম্বর পল্লী সমাজের শিক্ষার্থীদের মাঝে খেলাধুলা ও পুরস্কার বিতরণ করা হয়। ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির আওতায় শিক্ষার্থীদের মনোবল বৃদ্ধিতে এ খেলাধুলা অনুষ্ঠিত হয়।

সভাপ্রধান মাকসুদা খাতুনের সভাপতিত্বে ব্র্যাক প্রতিনিধি এফও (সিইপি) বাবলু কুমার শীল উপস্থিত থেকে অনুষ্ঠানের সার্বিক সহযোগিতা করেন। এ সময় শিক্ষিকা কনিকা খাতুনসহ শিক্ষার্থীরা ও স্থানীয় অভিভাবক বৃন্দর উপস্থিত ছিলেন।

অবশেষে মুজিবনগর স্মৃতি

কমপ্লেক্স পর্যটকদের প্রবেশে

উন্মুক্ত

করোনা ভাইরাসের কারনে বন্ধ থাকার দির্ঘ ৫ মাস পর অবশেষে অবারো মুজিবনগর কমপ্লেক্সে পর্যটকদের প্রবেশের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে। তবে সকলকে স্বাস্থবিধি মেনে বাধ্যমূলক মাস্ক পরিধান করে মুজিবনগর কমপ্লেক্স এ প্রবেশ করার জন্য একটি বিঙ্গপ্তি দিয়েছে উপজেলা প্রশাসন।

গত মঙ্গলবার থেকে মুজিবনগর মেইন গেটে একটি জরুরী বিঙ্গপ্তি টানিয়ে দিয়ে সকল দর্শনার্থীদের জন্য প্রবেশ উন্মুক্ত করে দেয়া হয়।

যেখানে লিখে দেয়া হয়েছে সকলে স্বাস্থবিধি মেনে, সামাজিক দুরুত্ব বজায় রেখে মুজিবনগর কমপ্লেক্স এ প্রবেশ করুন।মাস্ক ব্যাতীত ভিতরে প্রবেশ করা যাবে না।

ভয়বহ করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে গত ২৬ মার্চ মুজিবনগর কমপ্লেক্সে সাধারন দর্শনার্থীদের প্রবেশ পুরোপুরিভাবে নিশেধাঙ্গা ঘোষনা করা হয়েছিলো।

তারপর থেকে মুজিবনগরের ভিতরে কোন পর্যটক প্রবেশ করতে পারেনি। তবে ৫ মাস পর আবারো সেটা উন্মুক্ত করে দেয়া হয়েছে।

দর্শনার্থীরা এখন চাইলেই স্বাস্থবিধি মেনে মাস্ক পরিধান করে মুজিবনগরে প্রবেশ করতে পারছে। আর সেটা দেখভাল করার জন্য গেটে দায়িত্বে রয়েছে আনসার ব্যাটেলিয়ান সদস্যরা। তারা সকল দর্শনার্থীদের মাস্ক বাবহার করে স্বাস্থবিধি মেনে চলাফেরা করার জন্য অবহিত করছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার জানান,স্বাস্থবিধি মেনে দির্ঘ ৫ মাস পর মুজিবনগর সৃতিকমপ্লেক্স দর্শনার্থীদের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে। তবে মাস্ক ব্যাতিত কোন দর্শনার্থীরা মুজিবনগরের ভিতর প্রবেশ করতে পারবে না।

করোনা ভীতি উপেক্ষা, আলমডাঙ্গায় ঠান্ডুর জানাজায় শত শত মানুষ

চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ও আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আশাবুল হক ঠান্ডুর দাফন সম্পন্ন হয়েছে। শুক্রবার সকাল ১০ টায় বড়বোয়ালিয়া প্রাথমিক বিদ্যালয় মাঠে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। জানাজায় করোনা ভীতি উপেক্ষা করে শত শত মানুষ অংশ নেয়।

আশাবুল হক ঠান্ডুর জানাজায় অংশ গ্রহন করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামীলীগের সভাপতি সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন, আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী, পৌরসভার মেয়র হাসান কাদির গনু, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর,

জেলা আওয়ামীলীগের সহসভাপতি খোস্তার জামিল, যুগ্ম-সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু, তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক ও ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাওছার আহমেদ বাবলু, জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান হেজায়ার্দ্দার অনিক, উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, কাজি খালেদুর রহমান অরুন, খাদিমপুর ইউপির চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সচিব ও আওয়ামীলীগ নেতা জিনারুল ইসলাম।

এরআগে করোনাভাইরাসে আক্রান্ত আশাবুল হক ঠান্ডু বৃহস্পতিবার বিকেলে ঢাকার পপুলার হাসপাতালে মৃত্যুবরন করেন। তার লাশ গভীর রাতে এসে পৌছায় আলমডাঙ্গার বড়বোয়ালিয়ায় গ্রামের বাড়িতে। তার লাশ দাফনের সিদ্ধান্ত নেওয়া হয় শুক্রবার সকাল ১০ টায়।

এদিকে, সকাল ১০ টার আগেই বিভিন্ন এলাকা থেকে শত শত মানুষ জানাজার স্থানে এসে উপস্থিত হন। উপস্থিত হন চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গার নেতাকর্মীরা। নিহত ঠান্ডুর নিজের ও আশপাশের গ্রাম থেকেও মানুষ করোনা ভীতি উপেক্ষা করে জানাজায় অংশ নিতে দেখা যায়। কিছুক্ষনের মধ্যেই বড়বোয়ালিয়া স্কুল মাঠ ও পাশের খোলা জায়গা মানুষে ভর্তি

হয়ে যায়।

প্রথমদিকে, থানার ওসি আলমগীর কবীর মাইকে সামাজিক দুরত্ব বজায় রেখে জানাজায় অংশ নেওয়ার জন্য উপস্থিত সবাইকে অনুরোধ করতে থাকেন। কিন্ত অতিরিক্ত মানুষের চাপে শেষ পর্যন্ত জানাজায় সামাজিক দুরুত্ব বজায় রাখা আর সম্ভব হয়নি।

কোটচাঁদপুরে ইয়াবা ও ফেন্সিডিলসহ যুবলীগ নেতা আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৩’শ ৭২পিচ ইয়াবা ও ৪ বোতল ফেন্সিডিল সহ ফারুক হোসেন (২৭) নামে এক ওর্য়াড যুবলীগ নেতাকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

শুক্রবার দিবাগত রাতে পৌরসভার বড়বামনদাহ গ্রামের পন্ডিতপাড়ার নিজ বাসা থেকে তাকে আটক করা হয়। আটককৃত ফারুক ওই এলাকার ইকবাল হোসেনের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার দিবাগত রাত দেড় টার দিকে পৌরসভার বড়বামনদাহ গ্রামের পন্ডিত পাড়ার ফারুক হোসেনের বাড়িতে অভিযান পরিচালনা করা হয়।

পুলিশের উপস্থিতি টের পেয়ে ফারুক বাড়ির ছাদ থেকে লাফিয়ে পালানোর চেষ্টা করে পায়ে গুরতর আঘাত পায়। এসময় পুলিশ তাকে আটক করে। পরে ফারুকের স্বীকারোক্তিতে বাড়িতে তল্লাশী চালিয়ে বাথরুমের ছাদ থেকে বিস্কুটের প্যাকেটে থাকা ৩’শ ৭২ পিচ ইয়াবা ও ৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করে পুলিশ।

ওসি জানান, আটক ফারুকের বিরুদ্ধে ৩৬ (১) এর ১০ (ক) ও ১৪(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারায় মামলা দায়ের হয়েছে। যার মামলা নং- ০৩। পায়ে গুরতর আঘাত পাওয়ায় তাকে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে পুলিশ পাহারায় চিকিৎসা দেওয়া হচ্ছে।

আটককৃত ফারুক হোসেন পৌরসভার ০৮ নং ওর্য়াড যুবলীগের প্রস্তাবিত সভাপতি।

বঙ্গবন্ধুর বিভিন্ন দিক নিয়ে কথা বলবেন দেশবরণ্য ব্যক্তিরা

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ‘মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা’ শীর্ষক সাংবাদিকদের সাথে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। আগামিকাল ৩০ আগস্ট সন্ধ্যায় মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা’ এ অনুষ্ঠানের উদ্বোধন হবে।

শুক্রবার সকালে জুম কনফারেন্সের মাধ্যমে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বক্তব্য দেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক আলামিন হোসেন, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিক, একুশে টিভি প্রতিনিধি ফারুক হোসেন প্রমুখ। অবহিতকরণ সভায় জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের প্রায় ৩০ জন সাংবাদিক অংশ নেন।

মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা শীর্ষক প্রোগ্রামটি বাস্তবায়নের লক্ষ্যে একটি রুপরেখা তুলে ধরেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

তিনি উপস্থাপনায় বলেন, শতঘন্টা মুজিবচর্চার উদ্বোধনী অনুষ্ঠান হবে ৩০ আগস্ট সন্ধ্যায়। উদ্বোধনী অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে আলোচনা করবেন।

৩সেপ্টেম্বর কথা সাহিত্যিক আনিসুল হক, ৫ সেপ্টেম্বর মেহেরপুরের সাবেক মহকুমা প্রশাসক ড. তৌফিক এলাহি চৌধুরী বঙ্গবন্ধুকে নিয়ে কথা বলবেন।

এভাবে দেশ বরণ্য বিভিণ্ন রাজনৈতিক, সাংবাদিক, সাহিত্যিক যারা বঙ্গবন্ধুকে জানেন তাদের নিয়ে মূলত এ প্রোগ্রামটি করার পরিকল্পনা করা হয়েছে। প্রতি প্রোগ্রামে সাংবাদিকসহ সংশ্লিষ্টদের জুম কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে রাখা হবে।

মেহেরপুর সরকারি কলেজের উত্তর পাশে ৬ ফুট জমি ছেড়ে দেওয়ার দাবি

মেহেরপুর সরকারি কলেজের উত্তর পাশ দিয়ে ৬ ফুট রাস্থা ছেড়ে দিয়ে সীমানা প্রাচির দেওয়ার দাবি জানিয়েছেন পার্শবর্তি জমির মালিক ও কৃষকরা।

এ দাবি নিয়ে ৩৮ জনের স্বাক্ষর করে মেহেরপুর জেলা প্রশাসকের কাছে একটি লিখিত আবেদন করেছেন।

লিখিত আবেদনে তারা জানান, মেহেরপুরের শিক্ষার মান উন্নয়নে স্থানীয় জনগণের দান ও সহযোগিতায় ১৯৬২ সালে প্রতিষ্ঠিত হয় মেহেরপুর সরকারি কলেজ। এখানে অনেক দানশীল ব্যক্তি জমি দান করেছেন। কলেজ ক্যাম্পাসের পূর্ব পার্শ্বে রয়েছে বিশাল আবাদী মাঠ। দানশীল ব্যক্তিদের ওয়ারিশ এবং তাঁদের জমি ক্রয় সূত্রে অনেকে মালিক হয়ে আমরা চাষাবাদ করছি।

আবেদনে আরো জানান, কলেজটি প্রতিষ্ঠার পর থেকে ক্যাম্পাস ঘেরা না থাকায় কলেজের ভিতর দিয়ে কলেজ চলাকালিন সময়ের আগে পরে মাঠের চাষী হিসেবে আমরা জমি চাষাবাদ করছি এবং মাঠের ফসল ঘরে তুলেছি। বর্তমানে কলেজ কর্তৃপক্ষ সম্পুর্ণ ক্যাম্পাসের বাউন্ডারী ওয়াল নির্মাণের কাজ করছেন।

কলেজ ক্যাম্পাসের সকল দিকের বাউন্ডারী ওয়াল দেওয়ায় আমরা কলেজের পূর্ব পার্শ্বের বিশাল মাঠের কৃষকবৃন্দ আবদ্ধ হয়ে পড়ছি যাহাতে মাঠের ফসল ঘরে তোলা ও চাষাবাদ করা নিয়ে বিপাকে পড়েছেন । এ

অবস্থা থেকে মুক্তি পেতে কলেজের উত্তর পার্শ্ব দিয়ে ছয় ফুট জায়গা ছেড়ে বাউন্ডারী ওয়াল দেওয়ার দাবি জানান।

এ ব্যাপারে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার জানান, সরকারি সম্পত্তি রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত মানুষ হিসেবে বিধি মেনেই আমাকে কাজ করতে হবে। ইতিমধ্যে ডিজিটাল ম্যাপ হয়ে গেছে। সে মোতাবেক সীমনা প্রাচির করা হচ্ছে।